টীকার তথ্য বিবৃতি

BENGALI

মেনিঙ্গোকক্কাল ACWY টীকা:

আপনার কি জানা আবশ্যক

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

বিভিন্ন টিকা তথ্যের বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় পাওয়া যায়। দেখুন www.immunize.org/vis

1 কেন টীকা নেবেন?

মেনিঙ্গোকক্কাল রোগ হল *নেইসসেরিয়া মেনিঙ্গাইটিডিস* নামক একধরণের ব্যাক্টেরিয়াঘটিত একটি গুরুতর ব্যাধি। এটা মেনিঙ্গাইটিসে (মস্তিষ্ক এবং মেরুদন্ডের আবরণে সংক্রমণ) আক্রমণ করতে পারে এবং রক্তপ্রবাহে সংক্রমণ সৃষ্টি করতে পারে। মেনিঙ্গোকক্কাল রোগটি প্রায়ই কোন সতর্কবার্তা না দিয়ে উপস্থিত হয়–এমনকি এমন মানুষদেরও হয় যারা এমনিতে সুস্থ আছেন।

মেনিঙ্গোকক্কাল রোগটি নিকট স্পর্শ (কাশি বা চুম্বন) বা একই বাড়িতে অনেকদিন বসবাসের ফলে দীর্ঘকালীন স্পর্শের জন্য একব্যক্তির থেকে অন্য ব্যক্তির মধ্যে ছড়িয়ে যেতে পারে।

এক্ষেত্রে অন্তত 12 ধরণের *এন. মেনিনজিটিডিস*, আছে যেগুলি "সেরোগ্রুপ" নামে পরিচিত। সেরোগ্রুপ A, B, C, W এবং Y সবথেকে বেশি মেনিঙ্গোকক্কাল রোগের কারণ।

যেকোন মানুষের মেনিঙ্গোকক্কাল রোগ হতে পারে কিন্তু কিছু মানুষ আছে যাদের ঝুঁকি বেশি, এর মধ্যে পড়েঃ

- এক বছরের কম বয়সী ছোট শিশু
- 16 থেকে 23 বছরের কিশোর এবং তরুণ প্রাপ্তবয়স্ক
- এমন ব্যক্তি যাদের বিশেষ চিকিৎসা জনিত অবস্থার কারণে রোগ প্রতিরোধ ক্ষমতা প্রভাবিত হয়েছে
- মাইক্রোবায়োলজিস্ট যারা নিয়মিতভাবে *এন. মেনিনজিটিডিস*-এর পৃথকীকরণগুলির সাথে কাজ করে
- সম্প্রদায়ে ছড়িয়ে যাওয়ার ফলে বিপদে থাকা মানুষ

এমনকি এটির চিকিৎসা করার সময়ও, মেনিঙ্গোকক্কাল রোগটি 100 জনের মধ্যে 10 থেকে 15 জন সংক্রামিত মানুষকে মেরে ফেলে। যারা বেঁচে থাকে, প্রতি 100 জনের মধ্যে 10 থেকে 20 জন বিভিন্নভাবে অক্ষম হয়ে পরে যেমন কানে শুনতে পায়না, মস্তিষ্কে ক্ষতি, কিডনির ক্ষতি, অঙ্গচ্ছেদ, স্নায়ুতন্ত্রে সমস্যা অথবা চামড়া সংস্থাপনের ফলে তীব্র ক্ষতচিহ্ন হয়।

মেনিঙ্গোকক্কাল ACWY টীকা সেরোগ্রুপ A, C, W, ও Y এর কারণে হওয়া মেনিঙ্গোকক্কাল রোগটিকে প্রতিরোধ করতে সাহায্য করতে পারবে। সেরোগ্রুপ B-এর বিরুদ্ধে সুরক্ষার জন্য একটি ভিন্ন মেনিঙ্গোকক্কাল টিকা পাওয়া যায়।

2 মেনিঙ্গোকক্কাল ACWY টিকা

মেনিঙ্গোকক্কাল কনজুগেট টিকা (MenACWY) খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration, FDA) দ্বারা সেরোগ্রুপ A, C, W, ও Y এর বিরুদ্ধে সুরক্ষার জন্য লাইসেন্স প্রাপ্ত।

11 থেকে 18 বছরের কিশোরদের জন্য MenACWY-এর দুটি ডোজ/মাত্রা নিয়মিত সুপারিশ করা হয়: প্রথম ডোজ/মাত্রাটি 11 বা 12 বছর বয়সে, 16 বছর বয়সে একটি বুস্টার ডোজ/মাত্রা। এইচআইভি আছে এমন মানুষরা সমেত কিছু কিশোরের অতিরিক্ত ডোজ নেওয়া উচিত। অধিক জানতে আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।

কিশোরদের জন্য নিয়মিত টীকাকরণের সাথে অতিরিক্তভাবে, নির্দিষ্ট কিছু গোষ্ঠীর ব্যক্তিদের জন্যও MenACWY টীকা সুপারিশ করা হয়:

- যে ব্যক্তিরা সেরোগ্রুপ A, C, W বা Y-এর মেনিঙ্গোকক্কাল রোগের প্রকোপের ঝুঁকির মধ্যে রয়েছে
- এইচআইভি থাকা ব্যক্তিবর্গ
- এমন কোন ব্যক্তি যার প্লীহা ক্ষতিগ্রস্ত বা অপসারণ করা হয়েছে, এর মধ্যে সিকল সেল রোগে আক্রান্ত ব্যক্তিরাও থাকে
- এমন কোন ব্যক্তি যার "স্থির সম্পূরণ গঠনকারী অংশের অভাব" (persistent complement component deficiency) নামে পরিচিত রোগ প্রতিরোধ ক্ষমতার একটি বিরল রোগাবস্থা আছে
- এমন কোন ব্যক্তি যে একুলি (Soliris® নামেও পরিচিত) নামে কোন ওষুধ গ্রহণ করে
- মাইক্রোবায়োলজিস্ট যারা নিয়মিতভাবে *এন. মেনিনজিটিডিস*-এর পৃথকীকরণগুলির সাথে কাজ করে
- এমন কোন ব্যক্তি যারা এমন পৃথিবীর এমন স্থানগুলিতে ভ্রমণ করে বা থাকে যেখানে মেনিঙ্গোকক্কাল রোগটি সাধারণ, যেমন আফ্রিকার বিভিন্ন অংশ
- ছাত্রাবাসে থাকা কলেজের নতুন শিক্ষার্থীরা
- মার্কিন মিলিটারি তে নবনিযুক্ত কর্মী

কিছু ব্যক্তির ক্ষেত্রে পর্যাপ্ত নিরাপত্তার জন্য একাধিক ডোজের প্রয়োজন হয়। আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে ডোজগুলির সংখ্যা এবং সময় সম্পর্কে জিজ্ঞাসা করুন আর সাথে বুস্টার ডোজের প্রয়োজন আছে কিনা সেটিও জিজ্ঞাসা করুন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

3 কিছু লোকের এই টীকা নেওয়া উচিত নয়

যদি আপনার কোনো তীব্র, প্রাণঘাতী অ্যালার্জি থাকে
তাহলে আপনাকে যে ব্যক্তি টীকা দিচ্ছেন তাকে বলুন। যদি কোনসময় মেনিঙ্গোকক্কাল ACWY টীকার পূর্ববর্তী ডোজের পরে আপনার প্রাণঘাতী অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেয় বা এই টীকার আংশিক প্রয়োগের ফলে গুরুতর অ্যালার্জি দেখা দেয় তাহলে আপনার টীকা নেওয়া উচিত নয়। আপনার পরিষেবা প্রদানকারী আপনাকে টীকার উপাদান সম্বন্ধে জানাতে পারবে।

গর্ভবতী মহিলা বা স্তন্যপান করাচ্ছেন যে মা তার জন্য এই টীকার ঝুঁকি সম্বন্ধে বেশি জানা যায় নি। যদিও গর্ভাবস্থা এবং স্তন্যপান কোনটাই MenACWY টীকাকরণ এড়িয়ে যাওয়ার কারণ হতে পারে না। একজন গর্ভবতী বা স্তন্যপান করাচ্ছেন এমন মহিলার টীকা নেওয়া অবশ্যই উচিত যদি তার মেনিঙ্গোকক্কাল রোগের ঝুঁকি বৃদ্ধি পেয়ে থাকে।

যদি সর্দিকাশির মত আপনার সামান্য অসুস্থতা হয়, আপনি সম্ভবত আজই এই টীকা নিতে পারেন। যদি আপনি কিছুটা বা গুরুতরভাবে অসুস্থ হন, তাহলে আপনি সুস্থ হয়ে ওঠা পর্যন্ত আপনার অপেক্ষা করা উচিত। আপনার ডাক্তার আপনাকে পরামর্শ দিতে পারে।

4 টীকার প্রতিক্রিয়ার ঝুঁকি

টীকা সহ যে কোনো ওষুধের ক্ষেত্রে পার্শ্ব প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে। এগুলি সাধারণত খুব হালকা হয়ে এবং নিজে থেকেই ঠিক হয়ে যায়, কিন্তু মারাত্মক প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে।

মেনিঙ্গোকক্কাল ACWY টীকা নেওয়া ব্যক্তিদের মধ্যে খুব বেশি হলে অর্ধেকজনের **হালকা সমস্যা** থাকে টীকাকরণের পরে, যেমন যেখানে টীকা দেওয়া হয়েছে সেখানে লালচে ভাব বা ব্যথা। যদি এধরণের সমস্যা দেখা দেয়, তাহলে এগুলি সাধারণত 1 বা 2 দিন থাকে।

টীকা নেওয়া খুব কম শতাংশ মানুষ পেশী বা অস্থিসন্ধিতে ব্যাথা অনুভব করে।

কোন টীকা নেওয়ার পরে যেসব সমস্যা দেখা দিতে পারে:

- টীকা সহ মেডিক্যাল পদ্ধতির পর মানুষ অনেক সময় মূর্ছা যেতে পারে। প্রায় 15 মিনিট ধরে বসে বা শুয়ে থাকলে মূর্ছা যাওয়া এবং পড়ে যাওয়ার ফলে হওয়া আঘাত প্রতিরোধ করা যেতে পারে। আপনার যদি মাথা ঘোরে বা দৃষ্টি পরিবর্তন হয় তাহলে আপনার ডাক্তারকে জানান।
- কিছু ব্যক্তির কাঁধে প্রচন্ড ব্যাথা হয় এবং যেখানে টীকা দেওয়া হয়েছে সেখানে হাত নাড়াতে পারে না। এইরকম খুবই কম হয়।
- যে কোনো ওষুধ থেকে তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে। টীকা থেকে এই ধরনের প্রতিক্রিয়া খুব কম হয়, প্রায় দশ লক্ষ ডোজের মধ্যে 1 জনের টীকা দেওয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে হয়।

যেকোন ওষুধের মতো, টীকা নেওয়ার ফলে আহত হওয়া বা মৃত্যু হওয়ার সম্ভাবনা দূরস্থ।

টীকার নিরাপত্তার প্রতি সবসময় নজর দেওয়া হচ্ছে। আরো তথ্যের নজ্য, দেখুন: **www.cdc.gov/vaccinesafety/**

5 মারাত্মক প্রতিক্রিয়া দেখা দিলে কি হবে?

আমার কি খেয়াল রাখা উচিত?

- আপনার জন্য উদ্বেগের কারণ হতে পারে এমন সবকিছুর জন্য খেয়াল রাখুন, যেমন গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণ, খুব বেশি জ্বর বা অস্বাভাবিক আচরণ।
  গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণগুলির মধ্যে হল আমবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাসকষ্ট, দ্রুত হৃদ স্পন্দন, মাথা ঘুরা এবং দুর্বলতা—সাধারণত টীকা নেওয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টা পরে।

আমার কি করা উচিত?

- আপনার যদি মনে হয় যে এটি গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া বা অন্য কোন আপৎকালীন পরিস্থিতি যার জন্য অপেক্ষা করা যাবে না, 9-1-1 নম্বরে কল করুন এবং নিকটস্থ হাসপাতালে যান। অন্যথা, আপনার ডাক্তারকে ডাকুন।

এরপর, প্রতিক্রিয়া সম্পর্কে "ভ্যাক্সিন এডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম" (VAERS)-এ রিপোর্ট করতে হবে। VAERS ওয়েবসাইটের মাধ্যমে **www.vaers.hhs.gov**-তে গিয়ে অথবা **1-800-822-7967** নম্বরে কল করে আপনার ডাক্তার এই রিপোর্টটি ফাইল করতে পারেন অথবা আপনি নিজেই তা করতে পারেন।

VAERS চিকিৎসা পরামর্শ প্রদান করে না।

6 ন্যাশনাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম (National Vaccine Injury Compensation Program)

ন্যাশনাল ভ্যাক্সিন ইনজুরি কম্পেনশেসন প্রোগ্রাম (VICP) হল একটি জাতীয় কর্মসূচি যেটি নির্দিষ্ট কিছু টীকার দ্বারা আহত হওয়া লোকদের ক্ষতিপূরণ প্রদানের জন্য তৈরী করা হয়েছে।

যেসব ব্যক্তিদের মনে হয় যে তারা হয়তো টীকার কারণে আহত হয়েছেন তারা এই কর্মসূচি এবং অভিযোগ দাখিল করার পদ্ধতি সম্বন্ধে **1-800-338-2382** নম্বরে ফোন করে বা VICP ওয়েবসাইট **www.hrsa.gov/vaccinecompensation** দেখে জানতে পারেন। ক্ষতিপূরণের দাবি দাখিল করার জন্য সময়সীমা রয়েছে।

7 আমি কিভাবে আরো বেশী জানব?

- আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন। তিনি আপনাকে টীকার প্যাকেজ এর মধ্যে থাকা কাগজটি দিতে পারে বা তথ্যের অন্য উৎস সম্পর্কে পরামর্শ দিতে পারেন।
- আপনার স্থানীয় বা স্টেট স্বাস্থ্য বিভাগে কল করুন।
- সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) তে যোগাযোগ করুন:- **1-800-232-4636 (1-800-CDC-INFO)** নম্বরে কল করুন বা
- - **www.cdc.gov/vaccines** দেখুন

ü¡ØbÉ fÏI®oh¡ f¡c¡eL¡I£I¡ k¡®a ÏVL¡c¡e pÇfÏL¡a pÏWL abÉ, ÏVL¡c¡®eI HLÏV j¡mÉ¡ue Hhw iÏhoÉv ÏVL¡c¡®eI HLÏV Ïed¡ÏIa pjup¡ÏQ f¡e a¡I SeÉ ÏjÏQN¡e ®Lu¡I Cj f¦¡i®j¾V ®IÏSØVÉ®a abÉ f¡W¡®e¡ q®hz ®L¡e hÉÏš² Q¡C®m a¡®cI ÏVL¡c¡®eI abÉ ®IÏSøÉ®a e¡ f¡W¡®e¡I Ae¡®I¡d ü¡ØbÉ fÏI®oh¡ f¡c¡eL¡I£I L¡®R LI®a f¡®Iez